বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh

মুজিব শতবর্ষ MUJIB 100

ভূমিসেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং প্রকল্প
ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দীন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা।

নম্বর: ৩১.০০.০০০০.০৯১.১১.০০২.২১- ৫৭৪

তারিখ: ০৫ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
১৯ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন "মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং" শীর্ষক প্রকল্পের আওতায় সাকুল্য বেতনে শুধুমাত্র প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য অস্থায়ী ভিত্তিতে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://landzoning.teletalk.com.bd) আবেদন আহ্বান করা যাচ্ছে:

| ক্র: নং | পদের নাম ও গ্রেড | সাকুল্য বেতন | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | মাঠ সংগঠক<br>গ্রেড-১০ | ২৭,১০০/- | ০৪ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কৃষি বিজ্ঞান/সামাজিক বিজ্ঞানে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। উপাত্ত সংগ্রহ, সংকলন এবং প্রতিবেদন প্রণয়নে সহায়তা প্রদানে কমপক্ষে ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মাঠ সংগঠকদের অধিকাংশ সময়ে মাঠে কাজ করতে হবে। এমএস ওয়ার্ড, এমএস এক্সেল, পাওয়ার পয়েন্ট পরিচালনায় পারদর্শিতা থাকা বাধ্যতামূলক।<br>সমজাতীয় প্রকল্পের কাজে অভিজ্ঞদেরকে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ২. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬ | ১৭,০৪৫/- | ০৩ | যে কোন বিষয়ে ব্যাচেলর ডিগ্রীসহ উন্নয়ন প্রকল্পে ২ (দুই) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। এমএস ওয়ার্ড, এমএস এক্সেল, এমএস পাওয়ার পয়েন্ট পরিচালনায় পারদর্শীতা, ডাটা প্রসেসিং, রিপোর্ট রাইটিং কাজে পারদর্শিতা থাকা বাধ্যতামূলক। |
| ৩. | ডেসপাস রাইডার<br>গ্রেড-১৭ | ১৬,৫৫০/- | ০১ | কমপক্ষে এইচএসসি পাশ হতে হবে এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ (দুই) বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

**নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করিতে হইবে:**

১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২. প্রার্থীর বয়সসীমা ২৫/০৭/২০২৩ তারিখের মধ্যে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পোষ্য ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। উল্লেখ্য, জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ২২/০৯/২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নং স্মারক মোতাবেক ২৫/০৩/২০২০ তারিখে যাদের বয়স উল্লিখিত বয়সসীমার মধ্যে আছে তারাও আবেদন করতে পারবে।

৩. চাকুরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অনুমতিপত্র দাখিল করতে হবে।

৪. এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী এবং কেবল মাত্র প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য প্রযোজ্য।

৫. আবেদনপত্র বাছাই, গ্রহণ এবং নিয়োগের ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৬. মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূলকপি প্রদর্শনপূর্বক অতিরিক্ত ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা নিম্নরূপ:
- (ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্র
- (খ) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি
- (গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ
- (ঘ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র
- (ঙ) স্থায়ী ঠিকানার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও জন্ম নিবন্ধন সনদ
- (চ) জাতীয় পরিচয়পত্র
- (ছ) অভিজ্ঞতার সনদ

৭. যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন তবে আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৮. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম যোগ্যতার সাথে গরমিল/অসামঞ্জস্যতা পাওয়া গেলে/ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯. যে কোন তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। কোন প্রার্থী তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০. পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান অনুসরণ করা হবে।

১২. এ বিজ্ঞপ্তি যে কোন পর্যায়ে আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

## অনলাইনে আবেদনের নিয়মাবলী:

**ক) পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক প্রার্থীকে http://landzoning.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করিতে হইবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:**

i) Online আবেদন পত্র জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ২৫/০৬/২০২৩, সকাল ১০.০০ টা।

ii) Online আবেদন পত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ২৫/০৭/২০২৩, বিকাল ৫.০০ টা।
উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারিবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০, প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০, প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করিবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হইতে হইবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হইবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হইবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসাবে সংরক্ষণ করিবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :

Online -এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করিয়া নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করিয়া আবেদনপত্র Submit করা সম্পন্ন হইলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাইবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি USER ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant`s Copy পাইবেন। উক্ত Applicant`s Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করিয়া সংরক্ষণ করিবেন। Applicant`s কপিতে একটি USER ID নম্বর দেওয়া থাকিবে এবং USER ID নম্বর ব্যবহার করিয়া প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করিয়া পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ০১ এর পদের জন্য ৫০০/- টাকা ও টেলিটকের এর সার্ভিস চার্জ বাবদ ৫৬.০০ টাকা মোট ৫৫৬/-

(পাঁচশত ছাপান্ন) টাকা, ক্রমিক নং ০২ এর পদের জন্য ২০০/- টাকা ও টেলিটকের এর সার্ভিস চার্জ বাবদ ২৩.০০ টাকা মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং ক্রমিক নং ০৩ পদের জন্য ১০০/- টাকা ও টেলিটকের এর সার্ভিস চার্জ বাবদ ১২.০০ টাকা মোট ১১২/- (একশত বারো) টাকা (অফেরৎযোগ্য) পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online -এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করিয়া Submit করা হইলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হইবে না।

**প্রথম SMS :** LANDZONING <space>USER ID লিখিয়া Send করিতে হইবে ১৬২২২ নম্বরে।
Example: **LANDZONING ABCDEF**
Reply: Aplicant`s Name, TK 556/-, 223/- or 112 will be charged application fee. Your PIN is 12345678. To Pay fee Type LANDZONING <space> YES<space>PIN and Send to 16222

**দ্বিতীয় SMS:** **LANDZONING** <space> **YES** <space> **PIN** লিখিয়া Send করিতে হইবে ১৬২২২ নম্বরে।
Example: **LANDZONING YES 12345678**
Reply: Congratulation Aplicant`s Name, payment completed succesfully for LANDZONING Application for the post of XXXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXX).

(চ) প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি http://landzoning.teletalk.com.bd অথবা প্রকল্পের ওয়েব সাইট http://www.landzoning.gov.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হইবে। Online আবেদন পত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হইবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) USER ID এবং Password ব্যবহার করিয়া পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করিয়া নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হইলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করিবেন।

(জ) শুধু টেলিটক প্রিপেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করিয়া নিজ নিজ USER ID এবং Password পুনরুদ্ধার করিতে পারিবেন।

**i) USER ID জানা থাকলে:**
**LANDZONING** <space> **Help** <space> **USER** <space> **USER ID** & Send to ১৬২২২ নম্বরে
Example: LANDZONING **Help USER ABCDEF**

**ii) PIN Number জানা থাকলে:**
**LANDZONING** <space>**Help**<space>**PIN**<space>**PIN No** & **Send to** ১৬২২২ নম্বরে।
Example: **LANDZONING Help PIN 12345678**

(ঝ) প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হইবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমানিত হইলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়িলে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করিলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল এবং প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

(ঞ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইট https://minland.gov.bd এবং http://www.landzoning.gov.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করিয়াও বিজ্ঞপ্তিটি পাওয়া যাইবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য http://www.landzoning.gov.bd ওয়েবসাইট হইতে জানা যাইবে।

(ট) চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করিয়া আবেদন করিতে হবে। মৌখিক পরীক্ষায় দলিলাদি দাখিলের সময় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট কাগজপত্র প্রেরণ করিতে হইবে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমতি পত্র দাখিল/প্রদর্শণ করিতে হইবে। ক্রুটিপুর্ণ /অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারন দর্শানো ব্যতিরেকে বাতিল বলিয়া গণ্য হইবে।

(ঠ) Online এ আবেদন করিতে কোন সমস্যা হইলে যে কোন টেলিটক মোবাইল হইতে ১২১ এ কল করুন। ইহা ছাড়াও vas.query@teletalk.com.bd অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাইবে। ইহা ছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাইবে। (Mail এর Subject-এ Organization Name: LANDZONING Post Name ****, Applicants User ID, Contact Number অবশ্যই উল্লেখ করিতে হইবে)।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করিয়া হাতে যথেষ্ট সময় নিয়া রেজিষ্ট্রেশন সম্পন্ন করিতে পরামর্শ দেওয়া যাইতেছে।

১৯/০৬/২০২৩

(মোঃ কফিল উদ্দিন)
প্রকল্প পরিচালক (অব: অতিরিক্ত সচিব)
ফোনঃ ০২ ৮১৭০৩০৫
ই-মেইল: pdlandzoning@minland.gov.bd

নম্বর: ৩১.০০.০০০০.০৯১.১১.০০২.২১- ৪৭৪

তারিখ: ০৫ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
১৯ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কর্মাশিয়াল কমপ্লেক্স (১১ তলা), হোল্ডিং#৩/এ, ৫/এ, ৭/এ, রোড#১৭, গুলশান, ঢাকা-১২১২।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. জনাব মুহাম্মদ আল-রাজ্জাকুজ্জামান, অতিরিক্ত জেনারেল ম্যানেজার, মার্কেটিং এ্যান্ড ভ্যাস, টেলিটক বাংলাদেশ লিমিটেড (এ বিজ্ঞপ্তিটি এবং অনলাইনে আবেদন করার বিস্তারিত নিয়মাবলী ওয়েবসাইট http://landzoning.teletalk.com.bd এ প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৭. প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. ডেটা এনালিস্ট/প্রোগ্রামার, মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং প্রকল্প, ভূমি মন্ত্রণালয়, ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দীন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা (বিজ্ঞপ্তিটি প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. অফিস কপি/মাস্টার কপি।

১৯/০৬/২০২৩

(মোঃ কফিল উদ্দিন)
প্রকল্প পরিচালক (অব: অতিরিক্ত সচিব)
ফোনঃ ০২ ৮১৭০৩০৫
ই-মেইল: pdlandzoning@minland.gov.bd